

২০৭
(স্বামী ব্রহ্মানন্দকে লিখিত)

19 W. 38th St., নিউ ইয়র্ক
১৮৯৫

অভিনন্দনসহ,

...মা-ঠাকুরানীকে আমার বহুত সাষ্টাঙ্গ প্রণাম জানাইবেন।

শিব শিব!

এখন আমি নিউ ইয়র্ক শহরে। এ শহর গরমিকালে ঠিক কলকাতার মতো গরম, অজস্র ঘাম বয়ে পড়ছে, হাওয়ার লেশ নাই। দুই মাস উত্তর দিকে গিয়েছিলাম, সেথায় বেশ ঠাণ্ডা। এ পত্রপাঠ জবাব লিখিবে। এ পত্র পৌঁছবার পূর্বে আমি ইংলন্ডে চলিলাম। ইতি

ঠিকানাঃ C/o Akshoy C. Ghosh
Muller, Juan Duff House, Regent St.,
Cambridge, England